



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



নং ২৯.২৩৬.০১৮.৩৩.৬৬.০০১.২০২০- ২২৬৬

তারিখঃ ২৫ আগস্ট, ২০২০

বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলার করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ প্রতিরোধকল্পে গঠিত জেলা কমিটির ২৩ আগস্ট, ২০২০ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ হার্টিকালচার পার্ক (KHDC Horticulture PARK) পর্যটকদের জন্য ২৮ আগস্ট ২০২০ তারিখ হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীমিত পরিসরে উন্মুক্ত করা হলোঃ


শর্তসমূহঃ

● **পর্যটকদের জন্যঃ**

- ০১। পার্ক সকাল ৮টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকবে।
- ০২। পার্কে প্রবেশের সময় যথাযথভাবে (নাক-মুখ ঢেকে) মাস্ক পরিধান করতে হবে। অন্যথায় পার্কে প্রবেশ করতে দেয়া হবে না। উল্লেখ্য, সার্জিক্যাল মাস্ক শুধু একবার এবং কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করলে পুনরায় ব্যবহার করা যেতে পারে।
- ০৩। পার্কে প্রবেশের পূর্বে হ্যান্ড স্যানিটাইজার/সাবান দিয়ে হাত জীবানুমুক্ত করতে হবে।
- ০৪। শারিরিকভাবে অসুস্থ অবস্থায় পার্কে প্রবেশ করা যাবে না।
- ০৫। পার্কে ঘুরেফেরা বা অবস্থানকালীন এবং খাওয়ার সময় সামাজিক দূরত্ব (ন্যূনতম ৩ ফুট) বজায় রাখতে হবে।
- ০৬। শারিরিকভাবে অসুস্থ কোন পর্যটককে পার্কে প্রবেশ করতে দেয়া হবে না।
- ০৭। স্বাস্থ্য মন্ত্রণালয় প্রণীত স্বাস্থ্য বিধি এবং বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক প্রণীত নির্দেশনা যথাযথভাবে মেনে চলতে হবে।
- ০৮। করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণজনিত কারণে যেকোন সময় পার্ক বন্ধ করা হতে পারে।

● **পার্ক কর্মচারী/ব্যবসায়ীদের জন্যঃ**

- ০১। পার্কের কোন কর্মচারী/ব্যবসায়ীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।
- ০২। পার্ক চালু করার পূর্বে পার্ক অফিস/আঙ্গিনা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে।
- ০৩। পার্কের প্রবেশপথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে পার্কের কর্মচারী-ব্যবসায়ী এবং পর্যটকদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে প্রবেশ করাতে হবে।
- ০৪। পার্কের সকল কর্মচারী-ব্যবসায়ীদের যথাযথভাবে (নাক-মুখ ঢেকে) মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- ০৫। প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
- ০৬। অফিসে কাজ করার সময় শারিরিক দূরত্ব বজায় রাখতে হবে।



(টিটন খীসা)

নির্বাহী কর্মকর্তা

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

☎ ০৩৭১-৬১৯৩৬

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪. জনাব নির্মলেন্দু চৌধুরী, সদস্য, এ পরিষদ ও আহবায়ক, হার্টিকালচার পার্ক।
৫. সিভিল সার্জন, খাগড়াছড়ি
৬. বিভাগীয়/দপ্তর প্রধান.....
৭. জনাব.....
৮. জনাব খোয়াই অংগ্য মারমা/জনাব মো. সাইফুল ইসলাম, উ.স.কৃষি কর্মকর্তা(পার্কের দায়িত্বপ্রাপ্ত)।
৯. আইটি কর্মকর্তা, এ পরিষদ-ওয়েবসাইটে প্রকাশের জন্য।